


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : চট্টগ্রাম বন্দরস্থ জেটিতে রক্ষিত পোশাক শিল্পের পণ্যবাহী আমদানিকৃত কন্টেইনার দ্রুত ডেলিভারি নেয়া প্রসঙ্গে।

সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৯/০৪/২০২৩ তারিখ থেকে পবিত্র ঈদ-উল-ফিতরের বন্ধ পরবর্তীতে তৈরী পোশাক কারখানা বন্ধ থাকার কারণে চট্টগ্রাম বন্দর থেকে পোশাক শিল্পের আমদানিকৃত পণ্যবাহী (FCL/LCL) চালান খালাস করা সম্ভব হয়নি।

চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম শুধুমাত্র ঈদের দিন বন্ধ থাকলেও অন্যান্য দিন ২৪x৭ কার্যক্রম চালু রয়েছে। আমদানিকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারি গ্রহণ না করায় চট্টগ্রাম বন্দরে প্রায় ৩৮,২৭৯ টিউজ কন্টেইনার জমে রয়েছে যার ফলে কন্টেইনার জট সৃষ্টি হয়ে বন্দরে অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন সৃষ্টির সমূহ সম্ভাবনা রয়েছে। চট্টগ্রাম বন্দরে আগত কন্টেইনারবাহী জাহাজ হতে কন্টেইনার দ্রুত লোডিং-আনলোডিং এবং রপ্তানি কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে ঈদের পরবর্তী সময় সপ্তাহের অন্যান্য দিনের ন্যয় শুক্রবার ও শনিবার এবং সরকারি বন্ধের দিনগুলোতে বেশি পরিমাণে আমদানিকৃত পোশাক শিল্পের কাঁচামালসমূহ চট্টগ্রাম বন্দর হতে ডেলিভারি নেয়ার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মৌখিকভাবে অনুরোধ করেছে।

এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে পোশাক শিল্পের পণ্যবাহী আমদানিকৃত কন্টেইনারসমূহ (FCL / LCL) বন্দরস্থ জেটি থেকে দ্রুত ডেলিভারি নেয়ার লক্ষ্যে প্রয়োজনীয় জরুরি পদক্ষেপ গ্রহণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব